# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্রমালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
শাখা নিয়ন্ত্রণ বিভাগ।

www.kb.gov.bd
Email:bcd@kb.gov.bd

বিষয়: **'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা,২০২২-২৩'বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদান বিষয়ে কর্মসংস্থান ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল বিভাগের সমন্বয়ে ৩য় সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মনোজ রায়, উপমহাব্যবস্থাপক,শাখা নিয়ন্ত্রণ বিভাগ, প্রধান কার্যালয়,ঢাকা।

স্থান: শাখা নিয়ন্ত্রণ বিভাগ এর উপমহাব্যবস্থাপকের অফিস কক্ষ।

তারিখ ও সময়: ২২ মার্চ ২০২৩, বিকাল- ৩.০০ ঘটিকা।

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার শুরুতে তিনি এ ব্যাংকের সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং তা নিয়মিত মনিটরিং ও পরিবীক্ষণের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক ও সদস্য সচিব জনাব মোঃ এনায়েতুর রহমান শেখ এ ব্যাংকের বর্তমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত নির্বাহীগণ এ ব্যাংকের সিটিজেন চার্টার এর উপর আলোচনা এবং প্রয়োজনীয় সংশোধনের জন্য মতামত ব্যক্ত করেন।

আলোচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্তে সভা আয়োজনের বাধ্যবাধকতার প্রেক্ষিতে ক) সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, খ) সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ,গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন, ঘ) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন এবং ঙ) তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ নিয়ে সভায় নির্বাহীগণ বিস্তারিত আলোচনা করেন।

সভায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির নিকট প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে তা আপলোড এর জন্য আইটি বিভাগে প্রেরণ করার বিষযে আলোচনা করা হয়। | এ সভার সিদ্ধান্ত ও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করে ০৫ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |
| ০২. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা -২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে হালনাগাদ (সভার তারিখ, সেবা প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, যোগাযোগের ঠিকানা, সেবার মূল্য তালিকা ইত্যাদি) করার নিমিত্ত ১৩.০৩.২০২৩ তারিখের পত্র সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০. ১৬০.৩২.০০৭.১৯. ৪৫১(১) এর মাধ্যমে সকল উপমহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়,ঢাকা-কে প্রয়োজনীয় সংশোধন,সংযোজন, বিয়োজনপূর্বক ১৬.০৩.২০২৩ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ বিভাগকে অবহিতকরণের পরামর্শ দেয়া হয় । ০২টি বিভাগ কর্তৃক সংশোধনের প্রস্তাব পাওয়া যায়। অদ্যকার সভায় বিভাগসমূহের সংশোধন, সংযোজন,বিয়োজন এর প্রস্তাব বিস্তারিত আলোচনায়ান্তে সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়। | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকৃত (সংযোজন,বিয়োজন ও সংশোধনকৃত) সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড করতে হবে। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |

চলমান পাতা-০২

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ০৩. | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রার এতদসংক্রান্ত মোট ০২(দুই)টি প্রশিক্ষণ ০৮.০৯.২০২২ ও ৬.১১.২০২২ তারিখে আয়োজনসহ এই ত্রৈমাসিকে ০৬.০২.২০২৩ ও ১৩.০৩.২০২৩ তারিখে আয়োজিত ০২টি প্রশিক্ষণের বিষয় সভায় তুলে ধরা হয়। এ ক্ষেত্রে কর্মসম্পাদন সূচকের মান-০৩। | সংশ্লিষ্ট বিভাগ অবগত করে যে, নবাগত কর্মকর্তা/কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আগামী ত্রৈমাসিকে ( এপ্রিল-জুন/২০২৩) আরো প্রশিক্ষণ আয়োজন করা হবে। | অধ্যক্ষ, কর্মসংস্থান ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট |
| ০৪. | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০৭.০৮.২০২২ ও ১৬.১১.২০২২ তারিখে আয়োজিত ০২টি অবহিতকরণ সভা সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়া, সভায় ২২.০৩.২০২৩ তারিখে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় তুলে ধরা হয়। এ ক্ষেত্রে কর্মসম্পাদন সূচকের মান-০৪। | সংশ্লিষ্ট বিভাগ অবগত করে যে, অংশীজনের অংশগ্রহণে চলতি ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ/২০২৩) ০১টি সভা আয়োজন করা হয়েছে। পরবর্তী ত্রৈমাসিকে এ ধরনের সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে। চলতি ত্রৈমাসিকে সভা আয়োজনের তারিখ: ২২ মার্চ ২০২৩ ও স্থান: কুষ্টিয়া শাখা, কুষ্টিয়া। | ঋণ ও অগ্রিম বিভাগ |
| ০৫. | তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ এর পরিবর্তন, সংশোধন এর বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ত্রৈমাসিকে (এপ্রিল-জুন)/২০২৩ তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ এর পরিবর্তন, সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা নিয়ন্ত্রণ বিভাগ |

পরিশেষে উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২২/০৩/২০২৩
(মনোজ রায়)
উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ বিভাগ
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
তারিখ: ২২ মার্চ ২০২৩

সূত্র নম্বর: ৫৩.১৭.০০০০.১৬০.৩২.০০১.২৩-

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কমংর্সস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কমংর্সস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কমংর্সস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়,ঢাকা;
৬। অফিস নথি।

২২.০৩.২০২৩
(মোঃ এনায়েতুর রহমান শেখ)
সহকারী মহাব্যবস্থাপক
ও
সদস্য সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি

ফোল্ডার: আপা-কার্যবিবরণী